



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৫৪৩.১৪-৩৮২৯

তারিখঃ ২২/০৮/২০১৬

বিষয়ঃ চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)” এর উপজেলা পর্যায়ে আর্থিক লেনদেনের হিসাব সংরক্ষণ এবং প্রকল্পের অনলাইন সফটওয়্যারে এন্ট্রিসহ যাবতীয় কার্যাদি সম্পাদনের জন্য আপনাকে ২৭/০৭/২০১৪ খ্রিঃ তারিখে হিসাব সহকারী হিসেবে মাগুড়া জেলার শালিখা উপজেলায় নিয়োগপূর্বক পদায়ন করা হয়। আপনি যোগদানের পর হতে উক্ত উপজেলার ক্যাশ বহি, বিভিন্ন খতিয়ানে দৈনন্দিন লেনদেন পোষ্টিং এবং প্রকল্পের অনলাইন সফটওয়্যারে এন্ট্রিসহ যাবতীয় আর্থিক কার্যাদি সম্পাদনে ব্যর্থ হওয়ায় সংশ্লিষ্ট উপজেলার কর্মকর্তা আপনাকে অদক্ষ কর্মচারী হিসেবে গণ্য করে বদলির জন্য অনুরোধ করেন। তদুপরি আপনাকে চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত না করে আপনার আবেদনের প্রেক্ষিতে বিগত ১১/০২/২০১৬খ্রিঃ তারিখে আপনার নিজ উপজেলা শৈলকুপায় বদলি করা হয়। কিন্তু বর্তমান কর্মস্থলেও আপনি যোগদানের পর হতে ক্যাশ বহি, বিভিন্ন খতিয়ানে দৈনন্দিন লেনদেন পোষ্টিং এবং সফটওয়্যারে যাবতীয় এন্ট্রির কাজ সম্পাদন না করায় ঋণ বিতরণ কার্যক্রম প্রায় বন্ধ আছে এবং আদায়কৃত অর্থের হিসাব যথাযথভাবে সংরক্ষিত হচ্ছে না। তাছাড়া বর্ণিত কাজসমূহ সম্পাদনে আপনি অযোগ্য ও অদক্ষ মর্মে সংশ্লিষ্ট জেলা ও উপজেলার কর্মকর্তাবৃন্দ আপনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। প্রকল্প সদর দপ্তর হতে সরেজমিনে পরিদর্শনে আপনার অদক্ষ ও অযোগ্যতার বিষয়টি প্রমাণিত হয়েছে। আপনার দায়িত্ব পালনে ব্যর্থতার জন্য উক্ত উপজেলায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন বাধাগ্রস্ত হয়েছে।

২। এমতাবস্থায়, আপনাকে দায়িত্ব পালনে ব্যর্থ, অযোগ্য এবং অদক্ষ কর্মচারী হিসেবে গণ্য করে আপনার সাথে সম্পাদিত চুক্তির ৬নং শর্ত মোতাবেক ১ মাসের অগ্রীম বেতন প্রদানপূর্বক উক্ত চুক্তি বাতিল করে চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করা হল।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪


মোঃ সাক্বির হোসেন রাজু
হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি
উপজেলাঃ শৈলকুপা, জেলা : ঝিনাইদহ।
স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ রতনপুর ডাকঘরঃ চড়িয়ার বিল
থানাঃ শৈলকুপা জেলাঃ ঝিনাইদহ

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৫৪৩.১৪-৩৮২৯

তারিখঃ ২২/০৮/২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ শৈলকুপা, জেলা : ঝিনাইদহ।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ শৈলকুপা, জেলা : ঝিনাইদহ। (পত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপ প্রকল্প পরিচালক (অর্থ, হিসাব ও উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৫. উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।


আরিফুল হক
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো বিআরডিবি ঢাকা